

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 06.03.2025

Desk in Charge : SDG

Time : 7.50 PM

Compiling & NR: DSS

DEO : KB

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

- ১/ ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের বৈঠকের প্রথম দিনে দুদেশের মধ্যে বিভিন্ন নদীর জলবন্টন নিয়ে আলোচনা করতে একটি কারিগরী কমিটি গঠন করা হয়েছে।
- ২/ দেশজুড়ে অভিন্ন ভোটার পরিচয় পত্রের দাবিতে ত্রুটি কংগ্রেস আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে স্মারকলিপি দিয়েছে।
ভোটার তালিকা গরমিলের অভিযোগ সরেজমিনে খতিয়ে দেখতে গঠিত ত্রুটি কংগ্রেসের রাজ্য স্তরের কোর কমিটি আজ প্রথমবার বৈঠকে বসে।
- ৩/ বীরভূমের দেওচা-পাচামিতে ঘাওয়ার সময় তাদের সদস্যদের ভয় দেখানোর অভিযোগে APDR, জাতীয় ও রাজ্য মানবাধিকার কমিশন এবং আদালতের দ্বারা স্বীকৃত হবে।
- ৪/ ‘আমার গ্রাম’ কর্মসূচীর আওতায় রাজ্যপাল CV আনন্দ বোস আজ আদিবাসী লোধা ও শবর সম্প্রদায় অধ্যুষিত ঝাড়গ্রামের গোবিন্দপুর গ্রাম পরিদর্শন করেন।
- ৫/ কলকাতা হাইকোর্টের নির্দেশের প্রেক্ষিতে আহত ছাত্র ইন্দ্রানুজ রায়ের অভিযোগের ভিত্তিতে যাদবপুর থানা, FIR জমা নিয়েছে।
- ৬/ আলিপুরদুয়ারে রাজাভাতখাওয়ায় একটি কুনকি হাতির আক্রমণে এক রেল কর্মীর মৃত্যু হয়েছে।

ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৮৬ তম বৈঠকের আজ ছিল প্রথম দিন। বাংলাদেশ থেকে আসা ১১ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে ভারতীয় প্রতিনিধি দলের সদস্যরা কলকাতার একটি পাঁচতারা হোটেলে দফায় দফায় বৈঠকে বসেন। গঙ্গা-পদ্মা সহ ভারত ও বাংলাদেশের মধ্যে দিয়ে বয়ে চলা নদীগুলির সমস্যা নিয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। বৈঠকে দুদেশের মধ্যে বিভিন্ন নদীর জল বণ্টন নিয়ে আলোচনা করতে একটি কারিগরী কমিটি গঠিত হয়েছে। সেখানে দুই দেশের প্রতিনিধিরাই রয়েছেন। এই কারিগরী কমিটি আগামীকাল নিজেদের মধ্যে বৈঠকে বসবেন। সেখানেই জল বণ্টন ইস্যুতে নিজেদের সুপারিশ তৈরি করে নিজেদের দেশের সরকারের কাছে জমা দেবেন। কমিটির সেই সুপারিশের ভিত্তিতেই আগামী তিনমাসের মধ্যে গঙ্গার জল বণ্টন চুক্তির ভবিষ্যৎ নির্ধারণ হবে বলে জানা গেছে।

ভোটার তালিকা গরমিলের অভিযোগ সরেজমিনে খতিয়ে দেখতে গঠিত ত্রুটি কংগ্রেসের রাজ্য স্তরের কোর কমিটি আজ প্রথমবার বৈঠকে বসে। দলের রাজ্য সভাপতি সুব্রত বক্তীর নেতৃত্বে কমিটির ওই বৈঠকে ভোটার তালিকা সংক্রান্ত কাজ খতিয়ে দেখার জন্য সাংগঠনিক জেলাওয়ারি কয়েকজন নেতাকে দায়িত্ব দেওয়া হয়েছে। সুব্রত বক্তী নিজে দক্ষিণ কলকাতা এলাকায় এই কাজ দেখভাল করবেন। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিযোক বন্দ্যোপাধ্যায়কে দক্ষিণ ২৪ পরগনা জেলার দায়িত্ব দেওয়া হয়েছে।

তবে, অভিযোক বন্দ্যোপাধ্যায় আজকের বৈঠকে উপস্থিত ছিলেন না। আগামী ১৫ই মার্চ এক ভার্চুয়াল বৈঠকে তিনি কোর কমিটির সদস্যদের সঙ্গে আলোচনায় বসবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

এদিকে, দেশজুড়ে অভিন্ন ভোটার পরিচয় চালুর দাবিতে ত্রুটি কংগ্রেস আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে স্মারকলিপি দিয়েছে। ত্রুটি কংগ্রেসের রাজ্য

সভাপতি সুব্রত বক্রির নেতৃত্বে এই প্রতিনিধি দলে ছিলেন মন্ত্রী ফিরহাদ হাকিম, অরূপ বিশ্বাস, চন্দ্রমা ভট্টাচার্য প্রমুখ।

তালিকা থেকে ভুয়ো ও ভুতুড়ে ভোটারের নাম বাদ দেওয়ার দাবি করে ফিরহাদ হাকিম বলেন, বিজেপি ভোটকে প্রভাবিত করার চক্রান্ত করছে। অন্য রাজ্য থেকে ভোটার এনে এরাজ্যের তালিকায় ঢোকানো হচ্ছে বলে তাঁর অভিযোগ।

(বাইট- ফিরহাদ)

বীরভূমের দেওচা - পাচামিতে যাওয়ার সময় তাদের সদস্যদের ভয় দেখানোর ঘটনায় গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি APDR, জাতীয় ও রাজ্য মানবাধিকার কমিশন এবং আদালতের দ্বারস্থ হবে। কলকাতার প্রেস ক্লাবে আজ এক সাংবাদিক সম্মেলনে কমিটির সম্পাদক রাংতা মুন্ডী অভিযোগ করেন, গতকাল সকালে সিউড়িতে তাদের তালাবন্দী ও তারপর দেওচা-পাচামি যাওয়ার সময় সেওড়াকুরিতে ঘিরে রাখে হয়। জেলা শাসকের কাছে তাঁরা অভিযোগ জানালে বিষয়টি তদন্তের আশ্বাস দেন তিনি।

উল্লেখ্য , বীরভূমের দেউচা পাঁচামি কয়লাখনি পরিদর্শনে যাওয়া গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি APDR এর ৮ সদস্যদের একটি প্রতিনিধিদলকে গতকাল গ্রামবাসীদের সঙ্গে দেখা করতে যাওয়ার সময় তাদের আটকানো হয় বলে অভিযোগ।

দেউচা-পাঁচামিতে খননের কাজ বন্ধ করে বিক্ষেপ দেখান সাগরবাঁধি গ্রামের আদিবাসী মহিলাদের একাংশ। তাঁরা নিজেদের ভিটেমাটি ছাড়বেন না বলেও ঝোগান তোলেন।

এদিকে, দেউচা পাচামী নিয়ে তৃণমূল কংগ্রেস তথ্য আড়ালের চেষ্টা করছে বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। তিনি আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন-

(বাইট- অধীর অন দেউচা)

‘আমার গ্রাম’ কর্মসূচীর আওতায় রাজ্যপাল CV আনন্দ বোস আজ আদিবাসী লোধা ও শবর সম্প্রদায় অধ্যুষিত ঝাড়গ্রামের গোবিন্দপুর গ্রাম পরিদর্শন করেন। সেখানে ‘সংকল্প সৃষ্টি শিক্ষা নিকেতন’ বিদ্যালয়ে গিয়ে তিনি আদিবাসী ছাত্র-ছাত্রীদের সঙ্গে কথাবার্তা বলেন। উদ্বোধন করেন একটি গোশালার’ও। পরে এক অনুষ্ঠানে রাজ্যপাল বিভিন্ন ক্ষেত্রের কৃতী ব্যক্তিত্বদের সম্মানিত করেন। ছাত্র ছাত্রীদের হাতে তুলে দেন চকোলেট ও মিষ্টি। এরপর সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে CV আনন্দ বোস বলেন, আদিবাসী জনজাতির মানুষজন হলেন এই মাটির ভূমিপুত্র। আদিবাসীদের উন্নয়নে রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী গৃহীত বিভিন্ন কর্মসূচীর কথা তুলে ধরেন তিনি।

(বাইট- রাজ্যপাল)

রাজ্য সরকার ঝাড়গ্রামের বিধায়ক দুলাল মুর্মুকে আদিবাসী উন্নয়ন পর্ষদ নতুন চেয়ারম্যান হিসাবে নিয়োগ করেছে। সাংসদ প্রকাশ চিক বড়াইক ভাইস চেয়ারম্যানের দায়িত্ব পেয়েছেন। সরকারি আধিকারিক, জনপ্রতিনিধি মিলিয়ে নতুন বোর্ডে মোট ২৭ জনকে রাখা হয়েছে।

কলকাতা হাইকোর্টের নির্দেশের প্রেক্ষিতে হত ছাত্র ইন্দ্রানুজ রায়ের অভিযোগের ভিত্তিতে যাদবপুর থানা, FIR জমা নিয়েছে। গতকাল বিচারপতি তীর্থক্ষেত্র ঘোষ ছাত্রটির অভিযোগ FIR হিসেবে গ্রহণের জন্য পুলিশকে নির্দেশ দিয়েছিলেন। ঘটনার পাঁচ দিনের মাথায় গৃহীত এই FIR-এর ভিত্তিতেই শুরু হয়েছে তদন্ত।

অন্যদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পড়ুয়াদের ধর্না কর্মসূচী জারি রয়েছে। দ্রুত ছাত্র সংসদ নির্বাচন, পড়ুয়াদের বিরুদ্ধে দায়ের হওয়া মামলা প্রত্যাহার সহ একাধিক দাবী তাঁরা তুলেছেন। আন্দোলনের পরবর্তী কর্মসূচী স্থির করতে আজ ফের সাধারণ সভা অর্থাৎ জি বি বৈঠক করেন পড়ুয়ারা।

এদিকে, বাম ছাত্র সংগঠন- আইসা, গত তেসরা মার্চ ছাত্র ধর্মঘটের দিন AIDSO এবং SFI মহিলা কর্মীদের ওপর আক্রমণের অভিযোগ নিয়ে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবী করেছে। সংগঠনের রাজ্য সভাপতি খ্তম মাঝি ও সম্পাদক শুভাশিস দাস আজ এক বিবৃতিতে স্বচ্ছ তদন্ত, দোষী পুলিশ আধিকারিকদের বরখাস্ত এবং ধৃত শিক্ষার্থীদের নিঃশর্ত মুক্তির'ও দাবী জানিয়েছেন।

আলিপুরদুয়ারে রাজাভাতখাওয়ার কাছে মধুগাছতলায় আজ ট্রেনের ধাক্কায় বন্যপ্রাণীর মৃত্যু ঠেকাতে পরীক্ষামূলক প্রদর্শনের সময় একটি কুনকি হাতির আক্রমণে এক রেল কর্মীর মৃত্যু হয়েছে। হাতির আক্রমণে গুরুতর আহত অবস্থায় সন্দীপ চৌধুরী নামে বছর ৫৭-র ওই ব্যক্তিকে আলিপুর জেলা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। মেশিনে সরাসরি প্রদর্শনের জন্য দুটি কুনকি হাতিকে সেখানে আনা হয়েছিল। এরই মধ্যে একটি হঠাতে ক্ষেপে গিয়ে সন্দীপ বাবুকে আক্রমণ করে।

উল্লেখ্য, ওই রেললাইন দিয়ে ট্রেন যাওয়ার সময় হাতি বা অন্য কোনো বন্যপ্রাণী যাতে চাপা না পড়ে, সেজন্য লাইনের পাশে একটি বিশেষ কেবল পাতা হয়েছে। আজ সেটিরই পরীক্ষামূলক প্রদর্শন করা হয়। ওই এলাকায় কোনো বন্যপ্রাণী এলে কেবল-এর সাহায্যে ট্রেন চালকদের কাছে ‘সতর্ক বার্তা’ পৌঁছে যাবে। তার ভিত্তিতেই তাঁরা নিয়ন্ত্রণ করবেন ট্রেনের গতি।

এর আগে রেলের ডিভিশনাল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আজ সেখানে রেললাইন পরিদর্শন করেন।

আগামী শনিবার ৮'ই মার্চ বিশ্ব জুড়ে উদযাপিত হবে আন্তর্জাতিক নারী দিবস। এবছরের থিম- ‘সমস্ত নারী ও কন্যাদের জন্য সমানাধিকার, সাম্য ও ক্ষমতায়ন’। এর উদ্দেশ্য হল কোনোভাবেই মেয়েরা যাতে তাঁদের সমাধিকার, ক্ষমা ও সুযোগ সুবিধা থেকে বঞ্চিত না হয়, তা সুনিশ্চিত করা।

আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে সমাজে নানা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ৯ জন বিশিষ্ট মহিলাকে আজ সম্মানিত করে সমাজসেবী সংগঠন আই ফাউন্ডেশন। কলকাতা প্রেস ক্লাবে এই উপলক্ষে ‘সপ্তশতী’ নামে ওই বিশেষ অনুষ্ঠানে, ঐ ন জনকে নব দুর্গা সম্মানে সম্মানিত করা হয়। এদের মধ্যে রয়েছেন সঙ্গীত শিল্পী খন্দি বন্দ্যোপাধ্যায়, নৃত্য শিল্পী অলকানন্দা রায়, গায়িকা সায়নী পালিত, কবি প্রাবন্ধিক গীতিকার ঝর্ণা ভট্টাচার্য, রূপান্তরকামী সমাজকর্মী সন্তোষ কুমার গিরি, ক্যাসার জয়ী নৃত্যশিল্পী অঞ্জলি রায়, পশুপ্রেমী সুনিতা দাস, অ্যাসিড আক্রান্ত সমাজকর্মী মনীষা পৈলান এবং টেকনো ইন্ডিয়া গ্রুপের কো-চেয়ারপার্সন মনীষা রায়চৌধুরী। নানা প্রতিবন্ধকতার মধ্যে এগিয়ে চলা অনন্য সাধারণ এই গুণী ও সফল নারীদের নব দুর্গা সম্মানে সম্মানিত করা হয়। অসামান্য কাজের স্বীকৃতিতে সম্মানিত এই নারীরা যেভাবে সাহস, সংকল্প, দৃঢ়তা নিয়ে সমাজে ইতিবাচক পরিবর্তন ঘটানোর কাজ করছেন সে কথা তুলে ধরেন তাদের বক্তব্যে।

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে পিসি শাঙ্গড়িকে খুনের ঘটনার আজও পুনর্নির্মাণ করে পুলিশ। এই ঘটনায় ধৃত মেয়ে ফাল্টনী ও মা আরতিকে বারাসাত আদালত থেকে সাত দিনের হেফাজতে নিয়ে মধ্যমগ্রাম থানার পুলিশ, বিরেশ পল্লীর যে বাড়িতে খুনের ঘটনা হয়েছিল সেখানে পরপর কয়েকদিন এই পুনর্নির্মাণ করা হয়।

উত্তর ২৪ পরগনার স্বরূপনগর থানা এলাকার দত্তপাড়া মোড়ে দুক্তীদের গুলিতে এসারুল গাজির মৃত্যুর ঘটনায় আজ ভোররাতে পুলিশ ফজলু মন্ডল নামে একজনকে গ্রেপ্তার করেছে। ধৃত বাদুরিয়া থানা এলাকার রামচন্দ্রপুরের বাসিন্দা।

আজ তাকে বসিরহাট আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

রক্ষণাবেক্ষণ ও সংস্কারের কাজের জন্যে কলকাতার EM বাইপাসের সঙ্গে সংযোগকারী
মা উড়ালপুরের একটি লেন আজ রাত থেকে কাজ শেষ না হওয়া পর্যন্ত প্রতি রাতেই
বন্ধ থাকবে।

রাত বারোটা থেকে পরের দিন ভোর পাঁচটা পর্যন্ত এই উড়ালপুরের পার্ক সার্কাস থেকে
বাইপাস যাওয়ার লেনটি দিয়ে কোন যান চলাচল করবে না বলে KMDA-র তরফে
জানানো হয়েছে। এই সময়ে বাইপাসমুখী সব যানবাহন দরগা রোড ও, চার নম্বর ব্রীজ
হয়ে চলাচল করবে।
